
# GCE
## AS and A Level

# Bengali

**AS exams 2009 onwards**
**A2 exams 2010 onwards**

## Unit 2:
## Specimen question paper

**Version 1.2**



Version 1.2

The specimen assessment materials are provided to give centres a reasonable idea of the general shape and character of the planned question papers and mark schemes in advance of the first operational exams.

| Surname | | Other Names | |
|---|---|---|---|
| Centre Number | | Candidate Number | |
| Candidate Signature | | | |

Leave blank

General Certificate of Education
Advanced Level Examination

**BENGALI**
**Unit 2 Reading and Writing**

SPECIMEN PAPERS

**For this paper you must have:**
the text for Section 1 on an insert (enclosed)

Time allowed: 3 hours

**Instructions**
- Use blue or black ink or black ball point pen.
- Fill in the boxes at the top of this page.
- Answer **all** questions in Sections 1 and 2 and **two** questions from Section 3. Please note that in Section 3 you are not allowed to answer both questions on the same topic.
- Answer the questions in the spaces provided.
- Answer in **Bengali**.
- Do all rough work in the answer book. Cross through any work you do not want marked.

**Information**
- The maximum mark for this paper is 100.
- The marks for questions are shown in brackets.
- You must **not** use a dictionary.
- If you need extra paper, use the Additional Answer Sheets.
- This unit is divided into three sections.

Section 1 20 marks
Section 2 20 marks
Section 3 60 marks

**Advice for Section 3**
- You are strongly advised to write a plan before beginning each answer.
- To obtain high marks you must give details and facts and express your own opinions/draw your own conclusions. At all times you should explain and justify your answers.

| For Examiner's Use | | | |
|---|---|---|---|
| Section | Mark | Section | Mark |
| 1 | | | |
| 2 | | | |
| 3 | | | |
| Total (Column 1) → | | | |
| Total (Column 2) → | | | |
| TOTAL | | | |
| Examiner's Initials | | | |

Copyright © 2007 AQA and its licensors. All rights reserved.

## ১ বিভাগ

---

(ক) সংক্ষেপে নিচের প্রশ্নগুলির উত্তর দাও:

১. বাঙালিদের মধ্যে সবার আগে কে ইংল্যান্ডে এসেছিলেন?

.......................................................................................................................................

*(1 mark)*

২. রামমোহন কেন বিখ্যাত ছিলেন? দুটি বিষয় লেখো।

.......................................................................................................................................

.......................................................................................................................................

*(2 marks)*

৩. বাঙালি ছাত্ররা কিভাবে প্রথমে ইংল্যান্ডে পড়তে আসে?

.......................................................................................................................................

*(1 mark)*

৪. দ্বারকানাথ ঠাকুর কি জন্যে পরিচিত ছিলেন?

.......................................................................................................................................

*(1 mark)*

৫. দ্বিতীয় মহাযুদ্ধের পরে ব্যাপক সংখ্যায় বাঙালিদের আসার কারণ কী?

.......................................................................................................................................

*(1 mark)*

৬. অন্য সম্প্রদায়ের তুলনায় বাঙালিরা আর্থিক দিক দিয়ে কতোটা সাফল্য লাভ করেছেন?

.......................................................................................................................................

*(1 mark)*

৭. বাঙালি তরুণ-তরুণীরা কোথায় কৃতিত্ব দেখিয়েছেন? দুটি বিষয় লেখো।

.......................................................................................................................................

.......................................................................................................................................

*(2 marks)*

৮. বাঙালিদের রেস্টুরেন্ট ব্যবসা সফল হওয়ার একটা লক্ষণ উল্লেখ করো।

.......................................................................................................................................

*(1 mark)*

Copyright © 2007 AQA and its licensors. All rights reserved.

(খ) নিচে প্রত্যেকটা প্রশ্নের তিনটি করে উত্তর দেওয়া আছে। যে-উত্তরটিকে সবচেয়ে সঠিক মনে হয়, সেটির সামনে টিক চিহ্ন দাও।

১. রামমোহন রায় ছিলেন আধুনিক ভারতবর্ষের

প্রতিষ্ঠাতা ☐
সবচেয়ে বড়ো পণ্ডিত ☐
প্রথম ইউরোপ ভ্রমণকারী ☐

*(1 mark)*

২. দ্বারকানাথ ঠাকুরকে সবাই প্রিন্স বলতো, কারণ

তিনি রাজার মতো থাকতেন ☐
একাধিকবার ইংল্যান্ড সফর করেছিলেন ☐
রানী ভিক্টোরিয়ার সঙ্গে দেখা করেছিলেন ☐

*(1 mark)*

৩. বিলেতফেরতরা দেশে ফিরে বেশির ভাগ

ধনী হয়েছিলেন ☐
বিখ্যাত হয়েছিলেন ☐
নিন্দিত হয়েছিলেন ☐

*(1 mark)*

৪. ব্রিটেনে বসবাসকারী বাঙালি মহিলাদের জীবন ঘরের মধ্যে সীমাবদ্ধ কারণ

তাঁরা পর্দা মেনে চলেন ☐
চাকরি করেন না ☐
ইংরেজি জানেন না ☐

*(1 mark)*

৫. বাঙালিরা যে রেস্টুরেন্ট ব্যবসায় অসাধারণ সাফল্য লাভ করেছে, তা বোঝা যায়

রেস্টুরেন্টের সংখ্যা থেকে ☐
রেস্টুরেন্ট ব্যবসা থেকে অনেকে ধনী হয়েছে ☐
তাঁরা ইংরেজদের খাদ্যাভ্যাস বদলে দিয়েছে ☐

*(1 mark)*

**Turn over ►**

Copyright © 2007 AQA and its licensors. All rights reserved.

(গ) নিচের শব্দ অথবা শব্দসমষ্টিগুলি উপরের লেখা থেকে নেওয়া শব্দ অথবা শব্দসমষ্টি দিয়ে পরিবর্তন করো। ৫

**উদাহরণ**

যিনি সমাজের পরিবর্তন করেন — সমাজ-সংস্কারক

সাথী ..........................................................................................

*(1 mark)*

পিতার পিতা ..........................................................................................

*(1 mark)*

বেড়ে যায় ..........................................................................................

*(1 mark)*

যিনি বাংলায় কথা বলেন ..........................................................................................

*(1 mark)*

চোখে পড়ার মতো ..........................................................................................

*(1 mark)*

20

**Turn over ►**

Copyright © 2007 AQA and its licensors. All rights reserved.

7

## খ বিভাগ

২. নিচের লেখাটি বাংলায় অনুবাদ করো:

The Bengalis living in Britain face many problems in their everyday life. The older generation came to this country with little or no education. As a result, they find it difficult to get any decent jobs. The life of the Bengali women is even harder. Mostly without formal education, they have virtually no life outside the four walls of their home. On the contrary, the younger generation have proved more successful. They are having a formal education and getting jobs. However, they have problems of a different nature. They confront tough competition from other communities. Their ethnic background does not help them in any way. Even if they get any jobs, these jobs are mostly low paid. They hardly get any management work. Sometimes, they become victims of racial prejudice. Apart from these external factors, they are also caught between two cultures. At home, they learn traditional oriental values, but while they grow up in society, they are exposed to western values. Consequently, they are caught between two cultures. They can neither identify themselves completely with western culture nor can they be happy with oriental values.

*(20 marks)*

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

20

**Turn over ►**

Copyright © 2007 AQA and its licensors. All rights reserved.

# গ বিভাগ

নিচের যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। প্রতিটি উত্তর অন্তত ২০০টি শব্দে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের জন্যে ৩০ মার্ক। দুটি প্রশ্নের জন্যে মোট মার্ক ৬০।

## Literary Topics
(সাহিত্যবিষয়ক প্রসঙ্গ)

### Topic 1
**বাংলাদেশ এবং পশ্চিম বাংলার উপন্যাস**
**Bengali Fiction**

**EITHER** ১ (ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় অথবা হুমায়ুন আহমদের যে-কোনো একটি উপন্যাস নিয়ে আলোচনা করো। এই উপন্যাসটি তোমার কেমন লেগেছে যুক্তি দিয়ে তার ব্যাখ্যা দাও।

*(30 marks)*

**OR** ১ (খ) তোমার পড়া কোনো একটি ছোটো গল্পের বই নিয়ে আলোচনা করো। যে গল্পটি তোমার সবচেয়ে ভালো লেগেছে, সে গল্পটি ভালো লাগার কারণ ব্যাখ্যা করো।

*(30 marks)*

### Topic 2
**বাংলা কবিতা ও নাটক**
**Bengali Poetry and Plays**

**EITHER** ২ (ক) রবীন্দ্রনাথ ঠাকুর অথবা নজরুল ইসলামের দুটি কবিতার গুণাগুণ নিয়ে আলোচনা করো। এই কবিতা দুটি তোমার কেমন লেগেছে প্রসঙ্গত সে বিষয়ে উল্লেখ করো।

*(30 marks)*

**অথবা**

**OR** ২ (খ) তুমি সম্প্রতি দেখেছো, এমন একটি নাটকের কাহিনী এবং প্রধান চরিত্রগুলোর পরিচয় দাও। তুমি কি তোমার বন্ধুকে এ নাটকটি দেখার জন্যে সুপারিশ করবে? তোমার মতামত দিয়ে মন্তব্য করো।

*(30 marks)*



Copyright © 2007 AQA and its licensors. All rights reserved.

## Non-literary Topics

(সাহিত্যের সঙ্গে যুক্ত নয়, এমন প্রসঙ্গ)

### Topic 1

**বাংলাদেশের উদ্ভব ও ব্রিটেনে বাঙালি**

**The Emergence of Bangladesh and Bengalis in Britain**

**EITHER** ৩ (ক) পাকিস্তান সৃষ্টির মাত্র ২৪ বছর পরে পাকিস্তান ভেঙে গিয়ে পূর্ব পাকিস্তান স্বাধীন বাংলাদেশে পরিণত হয়। এর পেছনে সবচেয়ে প্রধান কারণগুলো কী। সংক্ষেপে আলোচনা করো।

*(30 marks)*

**OR** ৩ (খ) ব্রিটেনে বাংলা লেখাপড়ার সুযোগ এবং প্রয়োজনীয়তা সম্পর্কে একটি তথ্যপূর্ণ আলোচনা লেখো।

*(30 marks)*

### Topic 2

**বাংলা সিনেমা ও গান**

**Bengali Cinema and Music**

**EITHER** ৪ (ক) তোমার দেখা একটি চলচ্চিত্রের সমীক্ষা লেখো। চলচ্চিত্রটি তোমার কেমন লেগেছে সে সম্পর্কেও তোমার মন্তব্য দাও।

*(30 marks)*

**OR** ৪ (খ) বাংলা গানের প্রধান ধারাগুলির পরিচয় দিয়ে একটি প্রবন্ধ লেখো। প্রসঙ্গত, তোমার কোন ধরনের বাংলা গান সবচেয়ে ভালো লাগে সে বিষয়ে মন্তব্য করো।

*(30 marks)*

**Turn over ►**

Copyright © 2007 AQA and its licensors. All rights reserved.

10

60

Turn over ►

Copyright © 2007 AQA and its licensors. All rights reserved.

General Certificate of Education
Advanced Level Examination

AQA
ASSESSMENT and QUALIFICATIONS ALLIANCE

**BENGALI**
**Unit 2 Reading and Writing**

**SPECIMEN PAPERS**

# Insert

Text for use with **Section 1**

## ইংল্যান্ডে বাঙালি

ব্রিটেনে বাঙালিরা আসতে আরম্ভ করেন আঠারো শতকের শেষ দিক থেকে। তখন যাঁরা এসেছিলেন, তাঁরা ছিলেন ইংরেজ পরিবারের আয়া। তাঁদের কারো নাম জানা যায় না। কিন্তু বঙ্গদেশ থেকে আসা প্রথম যাঁর নাম জানা যায়, তিনি মীর্জা শেখ ইতেশামউদ্দীন। ১৭৬৬ সালে এ দেশে এসে তিনি ১৭৬৯ সালে বঙ্গদেশে ফিরে যান। তিনি ছিলেন মুরশিদাবাদের নবাবের কর্মচারী। তাঁর জন্ম নদিয়া জেলায়। তবে তিনি বাংলাভাষী ছিলেন কিনা, জানা যায় না।

বাঙালিদের মধ্যে প্রথমে যিনি আসেন, তাঁর নাম রামমোহন রায়। তিনি ইংল্যান্ডে আগমন করেন ১৮৩১ সালে এবং সেখানেই মারা যান আড়াই বছর পরে। তিনি ছিলেন খুব খ্যাতনামা পণ্ডিত এবং সমাজ-সংস্কারক। তাঁকে বলা হয় আধুনিক ভারতবর্ষের জনক। তাঁর পক্ষে এ দেশে আসা সহজ ছিলো না। কারণ তখন কেউ কালাপানি অর্থাৎ সমুদ্র পাড়ি দিলে তাঁকে একঘরে করা হতো। তাঁর পর ১৮৪২ সালে কয়েকজন সঙ্গী নিয়ে আসেন ধনী ব্যবসায়ী দ্বারকানাথ ঠাকুর। তিনি এসে রানী ভিক্টোরিয়ার সঙ্গে দেখা করেছিলেন। রাজসিক চালে চলতেন বলে তাঁকে সবাই বলতেন প্রিন্স দ্বারকানাথ। ইনি ছিলেন কবি রবীন্দ্রনাথ ঠাকুরের পিতামহ। বছর খানেক ইংল্যান্ড থেকে দেশে ফিরে গেলেও তিনি দ্বিতীয়বার ইংল্যান্ডে আসেন ১৮৪৫ সালে এবং পরের বছর মারা যান লন্ডন শহরে। তিনি সঙ্গে নিয়ে এসেছিলেন চারজন মেডিকেল ছাত্রকে।

তারপর থেকে অনেকেই বিলেতে আসেন উচ্চশিক্ষা গ্রহণের জন্যে। এঁরা প্রায় সবাই পরে নাম-করা লোক হয়েছিলেন। যেমন, সত্যেন্দ্রনাথ ঠাকুর, মনোমোহন ঘোষ, মাইকেল মধুসূদন দত্ত এবং উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়। রবীন্দ্রনাথও লেখাপড়া করতে এ দেশে এসেছিলেন। উনিশ শতকের শেষ ভাগে এ রকম লোকের সংখ্যা দ্রুত বৃদ্ধি পায়। বিলেতফেরত হিশেবে তাঁরা সম্মান পেতেন। সমাজও তাঁদের গ্রহণ করতে আরম্ভ করে।

ব্যাপক হারে বাঙালিরা ইংল্যান্ডে আসতে আরম্ভ করেন দ্বিতীয় মহাযুদ্ধের পর। এই যুদ্ধে ইংল্যান্ডের এতো পুরুষ নিহত হয়েছিলেন যে, কলকারখানায় কাজ করার জন্যে যথেষ্ট লোক ছিলো না। সেই অভাব পূরণ করার জন্যে ভারত, পশ্চিম ও পূর্ব পাকিস্তান (অর্থাৎ এখনকার বাংলাদেশ) এবং ওয়েস্ট ইন্ডিজ থেকে হাজার হাজার লোক আনা হয়েছিলো। এভাবেই ইংল্যান্ডে বাঙালিদের বসতি স্থাপিত হয়। সময়ের সঙ্গে সঙ্গে তাঁদের সংখ্যা বাড়তেই থাকে। এখন ইংল্যান্ডে সাড়ে তিন লাখের চেয়েও বেশি বাঙালি বাস করেন বলে ধারণা করা হয়।

অর্ধ-শতাব্দীর বেশি সময় ধরে এ দেশে বসবাস করলেও, বাঙালিরা শিক্ষাদীক্ষায় অন্য সম্প্রদায়গুলোর তুলনায় অনগ্রসর রয়ে গেছেন। আর্থিক সচ্ছলতার দিক দিয়েও। বাঙালি পুরুষরা চাকরির বাজারে প্রতিযোগিতায় এঁটে উঠতে পারেন না। আর মহিলারা শিক্ষার অভাবে চাকরি করার কথা ভাবতেই পারেন না এবং সে কারণে তাঁদের জীবন প্রধানত ঘরের চার দেয়ালের মধ্যে সীমাবদ্ধ। তবে বাঙালি তরুণ-তরুণীরা শিক্ষায় লক্ষণীয় উন্নতি করছে। ফলে তাদের অনেকে চাকরি পাচ্ছে। অনেকে ব্যবসাও করছে। যে-ব্যবসায়ে বাঙালিরা যথেষ্ট কৃতিত্ব দেখাতে পেরেছেন, তা হলো রেস্টুরেন্ট ব্যবসা। বাঙালিদের বারো হাজারেরও বেশি রেস্টুরেন্ট আছে। এই রেস্টুরেন্টগুলো এতোই সফল হয়েছে যে, তার প্রভাব পড়েছে ইংরেজদের খাদ্যাভ্যাসের ওপর। ইংরেজদের এখন রাইস-কারি, তন্দুরি-কাবাব প্রিয় খাবার।